

## ফরিদপুরে ভুল সেটে পরীক্ষা।

ফরিদপুর অফিস •

ঢাকা শিক্ষা বোর্ডের অধীন এইচএসসিতে গতকাল রোববার 'খ' সেট প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হলেও ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার একটি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয়েছে 'ক' সেটে। এ ঘটনায় পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। পরীক্ষার্থীরা বলছে, 'খ' সেট প্রশ্নপত্র অনুযায়ী খাতা মূল্যায়ন করলে তারা সমস্যায় পড়বে।

কর্তৃপক্ষের ডুলের কারণে আলফাডাঙ্গা উপজেলার কামারগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে। ঘটনটিকে 'ভুল' উল্লেখ করে ওই কলেজের অধ্যক্ষ মোরশেদুর রহমান বলেন, খাতা মূল্যায়নে যেন পরীক্ষার্থীদের সমস্যায় না পড়তে হয়, সে জন্য বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে জানানো হয়েছে। ইউএনও মোহাম্মদ আবুল খায়েরও বলেছেন, পরীক্ষার্থী ও অভিভাবকদের দু'চিহ্নের কারণ নেই। বিষয়টি সুরাহা হয়ে যাবে।

ওই কেন্দ্রের সহকারী হল সুপার মোরাদ তালুকদার বলেন, ১২৩ জন পরীক্ষার্থী কামারগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। গতকাল ইতিহাস, ইসলামের ইতিহাস ও রসায়ন দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল। বোর্ডের নির্দেশনা অনুযায়ী 'খ' সেট প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার কথা থাকলেও ওই কলেজের সহকারী হল সুপার উত্তম কুমার কুড়ু আলফাডাঙ্গা থানার মালখানা থেকে 'ক' সেট প্রশ্নপত্র নিয়ে আসেন। সেই প্রশ্নপত্রে পরীক্ষা দিয়েছে পরীক্ষার্থীরা।